# ৪৩তম বিসিএস (লিখিত) পরীক্ষা

গাঙচিল
বিষয় কোড : ০০১
[কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য]
পূর্ণমান : ১০০
নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

[দ্রষ্টব্য : বাংলা ভাষায় উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

১. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন : ৬ × ৫ = ৩০

ক. বাংলা ভাষায় শব্দগঠনের উপায়গুলো কী কী? প্রত্যয়যোগে শব্দগঠনের উপায় উদাহরণসহ ব্যাখ্যা করুন।

খ. বাংলা বানানে বিদেশি শব্দ ব্যবহারের নিয়ম উদাহরণসহ লিখুন।

গ. বাক্য শুদ্ধ করুন :

১. করোনার প্রতিসেধক টীকা আবিস্কার মানবজাতির জন্য স্বস্তিকর।
২. পরবর্তীতে আপনার আবেদন বিবেচনা হবে।
৩. সাবিহার নিরবতা দেখিয়া তিনি বিষণ্ন হলেন।
৪. তিনি আকণ্ঠ পর্যন্ত পান করলেন।
৫. ক্লাশের সকল ছাত্রছাত্রীগণ তার বাড়ি থেকে খাবার নিয়ে আসে।
৬. আজকাল অনেকেই ‘সত্ত্ব’, ‘অন্তঃসত্তা’ ইত্যাদি বানান ভুল করে।

ঘ. নিম্নোক্ত প্রবাদ-প্রবচনের নিহিতার্থ লিখুন :

১. মাছের মার পুত্রশোক
২. গাছে কাঁঠাল গোঁফে তেল
৩. নাই কাজ তো খই ভাজ
৪. আপনা মাংসে হরিণা বৈরী
৫. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট
৬. সাপের হাঁচি বেদেয় চেনে

ঙ. নির্দেশনা অনুযায়ী বাক্যের রূপান্তর করুন :

১. তুমি মোটেও খারাপ নও। (অস্তিবাচক বাক্য)
২. তিনি কাল আসবেনই। (নেতিবাচক বাক্য)
৩. রাইয়ান কি অতোটা পিতৃভক্ত? (বিবৃতিমূলক বাক্য)
৪. গুণী ছেলেরা সারাদিন অনলাইনে থেকেও লেখাপড়া করে। (জটিল বাক্য)
৫. দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেব না। (যৌগিক বাক্য)
৬. তার বয়স হয়েছে; কিন্তু বুদ্ধি হয়নি। (সরল বাক্য)

২. ভাব-সম্প্রসারণ করুন : ২০

ক. বোলতা কহিল, এ যে ক্ষুদ্র মউচাক,
এরি তরে মধুকর এত করে জাঁক!
মধুকর কহে তারে, তুমি এসো ভাই,
আরও ক্ষুদ্র মউচাক রচো দেখে যাই।

অথবা

খ. অভাব অল্প হলে দুঃখও অল্প হয়ে থাকে।

৩. ক. সারমর্ম লিখুন : ২০

একলা হয়ে দাঁড়িয়ে আছি।
তোমার জন্যে গলির কোণে
ভাবি 'আমার মুখ' দেখাব
মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে।
বিকিয়ে গেছে চোখের চাওয়া
তোমার সাথে ওতপ্রোত
নিয়ন আলোয় পণ্য হলো
যা কিছু আজ ব্যক্তিগত।

মুখের কথা একলা হয়ে
রইলো পড়ে গলির কোণে
ক্লান্ত আমার মুখোশ শুধু
ঝুলতে থাকে বিজ্ঞাপনে।

অথবা

খ. সারাংশ লিখুন :

কালচার্ড লোকেরা সবচেয়ে বেশি ঘৃণা করে অন্যায় আর নিষ্ঠুরতাকে– অন্যায় নিষ্ঠুরতাকে তো বটেই, ন্যায় নিষ্ঠুরতাকেও। মানুষকে ন্যায়সংগতভাবে শাস্তি দিতেও তাদের বুক কাঁপে। নিষ্ঠুর হয়ো না, এই তাদের ভেতরের দেবতার হুকুম। আর সে হুকুম তারা তামিল না করে পারে না, কেননা নিজের ইচ্ছার বিরুদ্ধে যাওয়া তাদের পক্ষে সম্ভব হয় না। তাই একটা ব্যক্তিগত জীবন-দর্শন বা স্বধর্ম সৃষ্টি করা কালচারের উদ্দেশ্য। যেখানে তা নেই সেখানে আর যাই থাক কালচার নেই। কালচার একটা ব্যক্তিগত ধর্ম। ব্যক্তির ভেতরের আমিকে সুন্দর করে তোলাই তার কাজ।

৪. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখুন : ৩০ × ১০ = ৩০

ক. চর্যাপদে বিধৃত বাঙালি জীবনের পরিচয় দিন।
খ. শ্রীচৈতন্য দেব কে? বাংলা সাহিত্যে তাঁর গুরুত্বের কারণ ব্যাখ্যা করুন।
গ. নাট্যকার মীর মশাররফ হোসেনের পরিচয় লিখুন।
ঘ. বাংলাদেশে রবীন্দ্র-স্মৃতিবিজড়িত স্থানগুলো সম্পর্কে ধারণা দিন।
ঙ. কাজী নজরুল ইসলামকে কেন 'বিদ্রোহী কবি' হিসেবে অভিহিত করা হয়?
চ. বুদ্ধদেব বসুর পরিচয় লিখুন।
ছ. 'একুশে ফেব্রুয়ারি' সংকলন সম্পর্কে যা জানেন লিখুন।
জ. আবদুল গাফফার চৌধুরীর সাহিত্যসাধনা সম্পর্কে সংক্ষেপে লিখুন।
ঝ. সিলেটের মরমী গীতিকারদের সম্পর্কে ধারণা দিন।
ঞ. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থ প্রকাশের পটভূমি লিখুন।

গাঙচিল

বিষয় কোড : ০০২

['সাধারণ' এবং 'সাধারণ ও কারিগরি/পেশাগত' ক্যাডারের জন্য]

পূর্ণমান : ২০০

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা

[দ্রষ্টব্য : বাংলা ভাষায় উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]।

